# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৮৩

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ যেই হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, ব্যভিচার করার কারণে যাকে প্রস্তরাঘাতে মারা হয়েছে, এমন ব্যক্তির জানাযার সালাত পড়া হবে না

## ذِكْرُ خَبَرٍ قَدْ يُوهِمُ غَيْرَ الْمُتَبَحِّرِ فِي صِنَاعَةِ الْعِلْمِ أَنَّ الْمَرْجُومَ لِزِنَاهُ لَا يَجِبُ أَنْ يُصَلَّى عَلَيْهِ

আরবী

3083 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ حَدَّثَنَا ابْنُ أَبِي السَّرِيِّ حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ جَابِرٍ: أَنَّ رَجُلًا مِنْ أَسْلَمَ جَاءَ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَاعْتَرَفَ بِالزِّنَى فَأَعْرَضَ عَنْهُ حَتَّى شَهِدَ عَلَى نَفْسِهِ أَرْبَعَ مَرَّاتٍ فَقَالَ لَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَبِكَ جُنُونٌ؟ ) قَالَ: لَا , قَالَ: فَهَلْ أَحْصَنْتَ؟ قَالَ: نَعَمْ قَالَ: فَأَمَرَ النَّبِيُّ صَلَّى اللَّهَ عَلَيْهِ وَسَلَّمَ فرجِمَ فِي الْمُصَلَّى فَلَمَّا أَذْلَقَتْهُ الْحِجَارَةُ فرَّ فأُدْرِكَ وخَرَّ حَتَّى مَاتَ فَقَالَ لَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خيرا ولم يُصَلِّ عليه.

الراوي : جَابِر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3083 | خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (7/ 353): ق إلا أن البخاري قال: ((وصلى عليه))؛ وهي شاذة.

বাংলা

৩০৮৩. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আসলাম গোত্রের এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এসে ব্যভিচার করার স্বীকারোক্তি দেয়। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার মুখ থেকে মুখ ফিরিয়ে নেন। এভাবে সে চারবার এরকম করে। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “তোমার মাঝে কি পাগলামী রয়েছে?” সে ব্যক্তি জবাবে বলেন, “জ্বী, না।” তিনি আবারো জিজ্ঞেস করেন, “তুমি কি বিবাহ করেছো?” সে ব্যক্তি জবাবে বলেন, “জ্বী, হ্যাঁ।” রাবী বলেন, “তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আদেশে তাকে ঈদগাহে রজম করা হয়। অতঃপর যখন পাথরের আঘাত লাগে, তখন সে পলায়ন করে। অতঃপর তাকে ধরে আনা হয়। অতঃপর সে লুটিয়ে পড়ে এবং মারা যায়। রাসূল সাল্লাল্লাহু আলাইহি

ওয়াসাল্লাম তার উদ্দেশ্যে ভালো কথা বলেন। তবে তিনি তার জানাযার সালাত আদায় করেননি।”[1]

## ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৩৩৩৭; মুসনাদ আহমাদ: ৩/৩২৩; সহীহুল বুখারী: ৬৮২০; সহীহ মুসলিম: ১৬৯১; আবূ দাউদ: ৪৪৩০; তিরমিযী: ১৪২৯; নাসাঈ: ৪/৬২-৬৩; সুনান বাইহাকী: ৮/২১৮; দারেমী: ২/১৭৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৭/৩৫৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92413

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন